**বিদ্যালয়ের নেতৃত্ব: বিদ্যালয় ও স্থানীয় সমাজের অংশীদারিত্ব স্থাপন**

| বাংলা |
|---|
| আমি যখন এখানে এসেছিলাম, স্কুলে ভালো সুযোগ-সুবিধা ছিল না। তার জন্য শিশুদের ও তাদের বাবা-মায়েদের উপর প্রভাব পড়ছিল। এর জন্য, আমরা BDO ও ইঞ্জিনীয়ারদের সাথে যোগাযোগ করি, আর তাদের দিন রাত এখানে নিয়ে এসে কাজ করার জন্য একটা ছক তৈরি করি । <br><br> স্কুলের সামনে বড় বড় গর্ত আর ঠিক সামনে একটি এবড়ো খেবড়ো জঙ্গল ছিল। এটি একটি অন্যতম কারণ যার জন্য বাবা মা তাদের বাচ্চাদের স্কুলে পাঠাতে চাইতেন না। আমরা BDO, SDM, গ্রাম পঞ্চায়েত প্রধান, একজন BDC সদস্য এবং ব্লক প্রমুখের সাথে দেখা করি। <br><br> তাদের সবার সাথে আলোচনার পর, আমরা গর্তগুলি ভরাট করি এবং স্কুলটিকে সম্পূর্ণভাবে পরিষ্কার করি। <br><br> শুধুমাত্র এরপরেই, বাবা-মায়েরা ও এলাকার লোকেরা এই স্কুলের সাথে যে তাদের সংযোগ আছে তা বিবেচনা করতে শুরু করেন। <br><br> আমি ২০০৯ সালে যখন এখানে এসেছিলাম, স্কুলটিতে শুধুমাত্র ৯ জন শিক্ষার্থী ছিল। <br><br> এই স্কুলটি একটি ছোট্ট গ্রামে অবস্থিত যেখানে তিনশো লোক থাকে। এখানে পাঁচটি মন্টেসরি স্কুল চলছে এবং বাবা-মায়েরা এই স্কুলের চেয়ে মন্টেসরি স্কুলগুলিকেই বেশী পছন্দ করতেন। এই জন্য এই স্কুলে শুধুমাত্র নয়জন শিক্ষার্থী ছিল। আমি অনেক চেষ্টা করেছি। আমি দরজায় দরজায় গিয়ে অভিভাবকদের ব্যক্তিগতভাবে বুঝিয়েছি। আমি গ্রামের শিক্ষা কমিটি এবং স্কুল ম্যানেজমেন্ট কমিটির সাথেও যোগাযোগ রেখেছিলাম। আমি কমিটিগুলির সাথে বৈঠকের ব্যবস্থা করি। আমি তাদেরকে বোঝানোর চেষ্টা করি। <br><br> আমি তাদের বাচ্চাদের শুধু এক বছরের জন্য আমাদের স্কুলে পাঠাতে বলি এবং এক বছরের জন্য আমাদের শিক্ষাপ্রদানের সাথে মন্টেসরি স্কুলগুলির শিক্ষাপ্রদানের তুলনা করতে বলি এবং তারপর সিদ্ধান্ত নিতে বলি, যে তারা এখানে কি পাচ্ছে আর সেখানে কি পাচ্ছিল। <br><br> আমরা নিয়মিতভাবে মাসে দুটি করে বৈঠকের ব্যবস্থা করি এবং তাদের বোঝানোর চেষ্টা করে যাই আর ধীরে ধীরে, অভিভাবকরা আমাদের বিশ্বাস করতে শুরু করেন এবং তাদের বাচ্চাদের আমাদের কাছে পাঠান। <br><br> এক বছর কাটল। তারা উভয় স্কুলের কর্ম সংস্কৃতির তুলনা করেন। এবং তারপর থেকে, তাদের এই স্কুলকে অগ্রাধিকার দেওয়া বেড়েছে। প্রতিদিন স্কুলের পর আমরা পরের দিনের কাজের পরিকল্পনা প্রস্তুত করি। আমরা সিদ্ধান্ত নিই যে, আমরা কি করতে চাই এবং আমরা আমাদের শিক্ষার্থীদের কোনও নতুন জিনিস শেখাতে চাই কিনা এবং পড়ানোর জন্য কি কি উপাদানের প্রয়োজন হবে। <br><br> তিনজন শিক্ষকের একজন কোন নতুন বিষয়ের পরিচয় দেওয়ার জন্য প্রয়োজনীয় উপকরণগুলির দায়িত্ব নেন।, আমরা শুরু থেকে জিনিসগুলি এইভাবে অনুসরণ করেছি। সেজন্য একজন নতুন শিক্ষকের পক্ষে আমাদের সিস্টেমের সাথে মানিয়ে নিতে খুব বেশী সময় লাগে না। তারা খুব তাড়াতাড়ি এই কর্ম সংস্কৃতির সাথে মানিয়ে নেন। <br><br> আমরা আগের দিন পরিকল্পনা করে রাখা কার্যধারাগুলি প্রয়োগ করে থাকি। |